“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০২.০২৬.১৯- ৪২৫ তারিখঃ ০১/০৯/২০২০খ্রিঃ

**বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের “ফিল্ড সুপারভাইজারদের” বেতন ও উৎসব ভাতার বাজেট বরাদ্দ প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে কর্মরত ফিল্ড সুপারভাইজারদের জুলাই/২০২০ এবং আগস্ট/২০২০ তারিখ পর্যন্ত তাদের প্রাপ্য বেতন ও উৎসব ভাতা (ঈদুল আযহা-২০২০) বরাদ্দ আইবাসের মাধ্যমে প্রত্যেক জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপ-পরিচালকের অনুকূলে প্রকল্প কোড নং ১৩০-১৩০০২-১৩০০২০৩-২২৪২৩২২০০ এর অর্থনৈতিক কোড নং-৩২৫৭২০৩ হতে প্রেরণ করা হলো। ফিল্ড সুপারভাইজারগণ জুলাই এবং আগস্ট মাসে কর্মরত জেলা থেকে তাদের বেতন ও ভাতা প্রাপ্য হবেন। বেতন ও ভাতা বাবদ বরাদ্দকৃত মোট =৩৩,৩০,১০০/- (তেত্রিশ লক্ষ ত্রিশ হাজার একশত) টাকা বরাদ্দ কপি সংযুক্ত।

সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক **সঠিক অর্থনৈতিক কোড ভিত্তিক** অর্থ উত্তোলন করে ফিল্ড সুপারভাইজারদের বেতন প্রদান ও ব্যয়িত অর্থের হিসাব সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

০১। এ বরাদ্দে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর সদয় অনুমোদন রয়েছে।
০২। কোন ক্রমেই বর্ণিত বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয় করা হলে সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
**০৩। অবশ্যই সঠিক অর্থনৈতিক কোড ভিত্তিক অর্থ উত্তোলন করতে হবে, বরাদ্দকৃত অর্থনৈতিক কোডের বাইরে অর্থ উত্তোলন করা যাবে না এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী থাকবেন।**
০৪। জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মকর্তা/উপ-পরিচালকগণ এ বরাদ্দ ব্যয়ে আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।
০৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা) দ্রুততার সহিত সকল কার্যক্রম সম্পন্ন করবেন।
০৬। অডিট কার্যক্রম নিষ্পত্তির জন্য বিল ভাউচার সংরক্ষণ করবেন।

১/৯/২০২০

জয়ন্ত কুমার সিকদার
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
pddishori2018@gmail.com
ফোন-৫৫১৩৮০১৭

উপ-পরিচালক,
জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর(সকল)